[redacted]

[redacted]

[redacted]

[

ফুটবল টুর্নামেন্টের পুরস্কার বিতরণ

মুজিবনগরে ৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

জুলাই যুব উন্নয়ন ক্লাবের আয়োজনে আজ শনিবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স ফুটবল খেলার মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় এবং খেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

গত ২৩শে অক্টোবর ১৬টি দল নিয়ে এই টুর্নামেন্টের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

প্রথম রাউন্ড, দ্বিতীয় রাউন্ড, সেমিফাইনাল এবং তৃতীয় স্থান নির্ধারণী খেলা শেষে শনিবার বিকেলে অনুষ্ঠিত হয় কাঙ্ক্ষিত ফাইনাল। ফাইনাল খেলায় মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর সীমান্ত ক্লাব একাদশ, মেহেরপুর গাংনী উপজেলার বাঁশবাড়িয়া নোমান টেলিকম একাদশকে টাইব্রেকারে পরাজিত করে ৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্ট সিজন-১ এর চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলা শেষে বিজয়ী ও রানার্সআপ দলের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে জুলাই যুব উন্নয়ন ক্লাবের সভাপতি আরিফ খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মনোনীত মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী ইঞ্জিনিয়ার সোহেল রানা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় নাগরিক পা৬র্টি (এনসিপি) মনোনীত সংসদ সদস্য প্রার্থী অ্যাডভোকেট শাকিল আহমেদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক এবং জুলাই যুব উন্নয়ন ক্লাবের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম।

৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের চ্যাম্পিয়ন দলকে একটি আড়াই মণ ওজনের ষাঁড় গরু, রানার্সআপ দলকে দুই মণ ওজনের ষাঁড় গরু এবং তৃতীয় স্থান অর্জনকারী দলকে ২৫ কেজি ওজনের একটি খাসি ছাগল উপহার দেওয়া হয়।

ফাইনাল খেলায় ম্যান অব দ্য ম্যাচ, ম্যান অব দ্য সিরিজ এবং শ্রেষ্ঠ গোলকিপারের পুরস্কার প্রদান করা হয়।

২৫শে জুলাই ফুটবল টুর্নামেন্টের শুরু থেকেই খেলাটি মুজিবনগর এলাকায় ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে। প্রতিটি খেলায় হাজার হাজার দর্শক মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স ফুটবল খেলার মাঠে ভিড় করে খেলা উপভোগ করেন। শনিবারের ফাইনাল খেলায় মুজিবনগর উপজেলা ছাড়াও মেহেরপুর ও আশপাশের জেলা থেকে কয়েক হাজার দর্শক সমবেত হন।

দর্শকদের আগ্রহ ও উপস্থিতি দেখে জুলাই যুব উন্নয়ন ক্লাবের সভাপতি আরিফ খান ঘোষণা দেন যে, ২০২৬ সালের ৫ই আগস্ট ৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্ট সিজন-২ এর উদ্বোধন অনুষ্ঠিত হবে।

এবং প্রতিবছরই ৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের আসর মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স ফুটবল ম্যাচ খেলার মাঠে অনুষ্ঠিত হবে।

আলমডাঙ্গায় চায়না বান ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গা ফুটবল একাডেমির আয়োজনে “চায়না বান ফুটবল টুর্নামেন্ট” এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বিকেল ৩টার দিকে আলমডাঙ্গা এটিম মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শেখ মেহেদী ইসলাম।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউএনও শেখ মেহেদী ইসলাম বলেন, যুব সমাজকে মাদকের আগ্রাসন থেকে রক্ষা করতে হলে খেলাধুলার প্রতি আগ্রহী করে তুলতে হবে। মাঠে খেলাধুলা শরীরচর্চার পাশাপাশি জীবনে আনে সৃজনশীলতা, মেধা ও অদম্য সাহস।

উদ্বোধনী খেলায় অংশ নেয় কালিদাসপুর লাভ স্টার ক্লাব ও বারাদী ইউনিয়ন ফুটবল একাদশ। নির্ধারিত সময়ে ১-১ গোলে ড্র হওয়ার পর

ট্রাইব্রেকারে ১-০ গোলে বারাদী ইউনিয়ন ফুটবল একাদশকে পরাজিত করে কালিদাসপুর লাভ স্টার ক্লাব।

টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইকবাল হোসেন, সাবেক ফুটবলার শওকত আলী, শরিফুল ইসলাম, ইউছুব আলী, রঞ্জু, মিজানুর রহমান, মীর উজ্জ্বল, মণ্ডল প্রমুখ।

দামুড়হুদা দশমী গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের খেলা অনুষ্ঠিত

দামুড়হুদার দশমী গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে কার্পাসডাঙ্গা সুপারস্টার বনাম কলাবাড়ি রামনগর একাদশের মধ্যে ২য় রাউন্ডের ২য় খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে দামুড়হুদা পাইলট হাইস্কুল মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় কার্পাসডাঙ্গা সুপারস্টার ক্লাব ২-০ গোলে কলাবাড়ি রামনগর একাদশকে পরাজিত করে। ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন কার্পাসডাঙ্গা সুপার স্টার ক্লাবের কৃষ্ণ। এসময় মাঠে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, উপজেলা যুবদলের যুগ্ম- আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা বাজার কমিটির ক্রীড়া সম্পাদক রাশিদুল জামান বেল্টু।

আরো উপস্থিত ছিলেন, টুর্নামেন্ট কমিটির আহ্বায়ক একরামুল হোসেন মেম্বার, যুগ্ম-আহ্বায়ক আমিনুল ইসলাম রশিদ, আব্বাস, জানু, খরসেদ, জাহাঙ্গী, মামুন, রাজু, দিপু, টগর, শুভো প্রমূখ।

মেহেরপুরে স্বর্গীয় দিলিপ বাশফোড় স্মৃতি ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

স্বর্গীয় দিলিপ বাশফোড়ের স্মরণে মেহেরপুরে একদিনব্যাপী ফুটবল টুর্নামেন্ট-২০২৫ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সকালে মেহেরপুরের গোভিপুর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে দিনব্যাপী এ টুর্নামেন্টের আয়োজন করে মেহেরপুর হরিজন ফ্রেন্ডস ক্লাব ফুটবল একাদশ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের উদ্বোধন করেন, মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও সাবেক পৌর বিএনপি’র সভাপতি মোঃ জাহাঙ্গীর বিশ্বাস।

বাংলাদেশ বাশফোড় হরিজন কল্যাণ পরিষদ, মেহেরপুর জেলা শাখার সভাপতি শ্রী মিঠু বাশফোড় এর সভাপতিত্বে টুর্নামেন্টে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, নিজে ঢাদ কালচারাল একাডেমির সভাপতি রোকনুজ্জামান রোকন, বড়বাজারের দীর্ঘদিনের ব্যবসায়ী মোঃ শাহিনুল্লাহ, বাংলাদেশ হরিজন যুব ঐক্য পরিষদ, মেহেরপুর জেলা শাখার সভাপতি শ্রী জনি ভূইমালী প্রমুখ।

দিনব্যাপী প্রতিযোগিতায় স্থানীয় বিভিন্ন দল অংশ নেয়। প্রাণবন্ত খেলায় দর্শকদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়। টুর্নামেন্ট শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরের পিরোজপুরে গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নে ওয়ার্ড ভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

করা হয়েছে। পিরোজপুর ইউনিয়ন পরিষদের আয়োজনে গতকাল বৃহস্পতিবার বিকেল ৫টায় যাদুখালি স্কুল এন্ড কলেজ মাঠে এই খেলার উদ্বোধন করা হয়।

পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল এনামুল কবির এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম। উদ্বোধনী খেলায় অংশগ্রহণ করেন ৩নং ওয়ার্ড (পিরোজপুর) ও ৬নং ওয়ার্ড (কাঁঠালপোতা)। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, যুব সমাজকে মাদকের কবল থেকে রক্ষা করার জন্য এই ধরণের উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয়।

তিনি অনলাইন ক্যাসিনো, মাদক এবং বাল্যবিবাহ থেকে দূরে থাকার জন্য যুবসমাজকে আহ্বান জানান। এসময় আরও উপস্থিত ছিলেন, ইউপি সচিব এরশাদ আলী, ৭নং ওয়ার্ড ইউপি সদস্য ইস্কান্দার মাহমুদ বিপ্লব, ইউপি সদস্য আসাদুল ইসলাম, রহিদুল ইসলাম, আমিরুল ইসলাম। খেলাটি পরিচালনা করেন, মনিরুজ্জামান রিপন। খেলায় মোট ৮টি দল অংশগ্রহণ করে। উদ্বোধনী খেলায় ১-০ গোলে ৬নং ওয়ার্ড (কাঁঠালপোতা) জয়লাভ করে।

মেহেরপুরে জিসান স্মৃতি ক্লাবের ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের মল্লিকপাড়ায় জিসান স্মৃতি ক্লাবের উদ্যোগে একদিনব্যাপী জিসান স্মৃতি ক্লাব ফুটবল টুর্নামেন্ট ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার দিনব্যাপী মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে এই টুর্নামেন্টের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম। টুর্নামেন্টের

সভাপতিত্ব করেন, মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও জিসান স্মৃতি ক্লাবের সভাপতি মোঃ মেহেদী হাসান রোলেক্স।

দিনব্যাপী এই প্রতিযোগিতায় ১৬টি দল অংশগ্রহণ করে। ফাইনাল খেলায় মুখোমুখি হয় কুষ্টিয়া ফ্যামিলি ফুটবল একাদশ ও কুষ্টিয়া শান্তি সংঘ ক্লাব। জমজমাট খেলায় কুষ্টিয়া শান্তি সংঘ ক্লাব বিজয়ী হয়।

পরে, অতিথিদের হাত দিয়ে বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

মুজিবনগরে জুলাই গণঅভ্যুত্থান ও তারুণ্যের উৎসব ফুটবল টুর্নামেন্টে বাগোয়ান চ্যাম্পিয়ন

মুজিবনগরে জুলাই গণঅভ্যুত্থান ও তারুণ্যের উৎসব ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকেলে দারিয়াপুর ফুটবল খেলার মাঠে উপজেলা ক্রীড়া সংস্থা ও উপজেলা প্রশাসনের আয়োজনে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় একদিকে অংশগ্রহণ করেন বাগোয়ান ইউনিয়ন একাদশ এবং অন্য দিকে অংশগ্রহণ করে মহাজনপুর ইউনিয়ন একাদশ। প্রতিদ্বন্দ্বিতা পূর্ণ খেলায় বাগোয়ান ইউনিয়ন একাদশ ৩-১ গোলে মহাজনপুর ইউনিয়ন একাদশকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বিজয় দলের জিহাদ, মিনারুল শেখ ও অমিত একটি করে গোল করেন অপরদিকে পরাজিত দলের রিফাত ১ টি গোল পরিশোধ করেন।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডলের সভাপতিত্বে, মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জুলাই গণঅভ্যুত্থান ও তারুণ্যের উৎসব ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা উপভোগ করেন এবং পুরস্কার বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার তদন্ত অফিসার জাকির হোসেন, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও মোনাখালী ইউনিয়ন পরিষদের প্রশাসক রকিব উদ্দিন, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য জহিরুল ইসলাম, হাসান মোস্তাফিজুর রহমান।

খেলাটি পরিচালনা করেন, গাংনী থেকে আগত রেফারি মাহবুব হোসেন। সহকারী হিসাবে ছিলেন, টুটুল এবং পারভেজ। খেলার ধারাভাষ্যকার হিসেবে ছিলেন, শাহার আলী ও শামিম শিশির। টুর্নামেন্টের সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন মহাজনপুর ইউনিয়ন একাদশের খেলোয়াড় রিফাত, ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হয়েছেন বাগোয়ান ইউনিয়ন একাদশের খেলোয়াড় জিহাদ এবং সেরা গোলকিপারের পুরস্কার পেয়েছেন বাগোয়ান ইউনিয়ন একাদশের গোলকিপার প্রিতম।

উল্লেখ্য যে মাদক, নেশা ও জুয়া মুক্ত যুব সমাজ গড়ার প্রত্যয়ে এবং যুবকদের খেলামুখী করতে উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে তৃণমূল পর্যায় থেকে প্রতিভাবান খেলোয়াড় বাছাই করার উদ্দেশ্যে প্রত্যেকটি ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। ওয়ার্ড পর্যায়ে থেকে বাছাইকৃত খেলোয়াড়দের নিয়ে প্রত্যেক ইউনিয়নে ২টি করে টিম গঠন করা হয়।

উপজেলা পর্যায়ের খেলায় নকআউট পর্যায়ে চারটি ইউনিয়নের আটটি দল অংশগ্রহণ করে। ইউনিয়ন পর্যায়ের আটটি দল থেকে খেলোয়াড় বাছাই করে পরবর্তীতে উপজেলা টিম গঠন করা হবে।

গাংনীতে জুলাই অভ্যুত্থান প্রমিলা ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে জুলাই অভ্যুত্থান প্রমিলা ফুটবল

টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকালে গাংনী উপজেলার সাহারবাটি মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত টুর্নামেন্টে ঢাকা বিভাগ প্রমিলা ফুটবল একাশদকে ১-০ গোলে হারিয়ে উদ্বোধনী ম্যাচ জয়লাভ করে রংপুর বিভাগ প্রমিলা ফুটবল একাদশ।

মেহেরপুর-২ আসনের সাবেক এমপি আমজাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই টুর্নামেন্টের উদ্বোধন করেন।

এসময় গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু বিশেষ অতিথির বক্তব্য রাখেন। খেলায় ধারাভাষ্যকার ছিলেন বিএনপি নেতা সুলেরী আলভী।

টুর্নামেন্টে ঢাকা, রংপুর, কুষ্টিয়া মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার ১৬ টি প্রমিলা টিম অংশ নিচ্ছে।

দীর্ঘদিন পর ফুটবল টুর্নামেন্টের আয়োজন হওয়ায় এলাকার প্রায় অর্ধলক্ষ নারী পুরুষ উপভোগ করেন। মিনি স্টেডিয়ামে কানায় কানায় দর্শক উপস্থিত ছিলেন। এসময় বিভিন্ন বয়সী নারীরা খেলাটি উপভোগ করেন।

দর্শনায় আবু সাঈদ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দর্শনা পৌরসভার ওয়ার্ড ভিত্তিক আবু সাঈদ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ বিকাল ৪ টায় কেরুজ বাজার ফুটবল মাঠে আইডিয়াল ক্লাব আয়োজিত টুর্নামেন্টের ফাইনাল খেলায় হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপি প্রধান সমন্বয়ক ও জেলা বিএনপির অন্যতম সদস্য জননেতা হাবিবুর রহমান বুলেট।

এ সময় সংক্ষিপ্ত আলোচনা সভায় বিএনপি নেতা বুলেট বলেন, যুব সমাজের মনের ও শরীরের বিকাশ ঘটাতে হলে খেলাধুলার বিকল্প কিছু নেয়। দর্শনা সীমান্তবর্তী এলাকা হওয়ায় মাদকের কালো থাবায় যুব সমাজের একাংশ চরমভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমাদের দর্শনায় যারা ক্রীড়া ও সাংস্কৃতিক মনা মানুষ রয়েছে তাদের কাছে আমাদের মত রাজনৈতিক ব্যক্তিদের আবেদন বর্তমান যুব সমাজকে বাঁচাতে হলে বিভিন্ন সময়ে এ ধরনের টুর্নামেন্টের মধ্য দিয়ে সকলকে খেলাধুলায় ব্যস্ত রাখতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির অন্যতম সমনায়ক নাহারুল ইসলাম মাস্টার, জেলা যুবদল নেতা নাসিরউদ্দিন খেদু, যুবদল নেতা সরোয়ার হোসেন, নাসির উদ্দিন খান হাসু, দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আব্দুল মান্নান মাস্টার, রকিবুল হাসান ব্রাইট, মোস্তাফিজুর রহমান মোহন, রমিজ উদ্দিন, সাহারুল, মাসুদ, মমিন, সাঈদ, পলাশ আহমদ, অসীম, শোয়েব, সামুাউল, বিদ্যুৎ, হোসাইন প্রমুখ। সমগ্র খেলাটি পরিচালনা করেন, আইডিয়াল ক্লাবের সভাপতি হাতেম আলী, মাঠ সভাপতি বাবর আলী ও টুর্নামেন্ট পরিচালক রাব্বি খান।